

## যঙ্গেফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১৭৩৭

১/ বিবিধ

আরবী

إذا كتبت فبین (السين) في بسم الله الرحمن الرحيم

ضعیف

رواه أبو الغنائم الدجاجي في " حديث ابن شاه " ( 129 / 2 ) عن الفضل بن سهل ذي الرياستين: سمعت جعفر بن يحيى بن خالد البرمكي يقول: سمعت أبي يحيى ابن خالد يقول: سمعت أبي خالد بن برمك يقول: سمعت عبد الحميد بن يحيى كاتببني أمية يقول: سمعت سالم بن هشام يقول: سمعت عبد الملك بن مروان يقول: سمعت زيد بن ثابت يقول مرفوعاً . ومن هذا الوجه رواه الكازروني في " المsslسلات " ( 120 / 2 ) وكذا الخطيب في التاريخ ( 12 / 340 ) والديلمي ( 1 / 146 ) وابن عساكر ( 9 / 1 / 404 ) وأورده في ترجمة عبد الحميد هذا، وأما الخطيب فأورده في ترجمة ذي الرياستين ولم يذكرا فيهما جرحاً ولا تعديلاً . وجعفر بن يحيى بن خالد البرمكي، الوزير بن الوزير، وهو على شهرتهما في الوزارة لهارون الرشيد، فلا يعرفان في الرواية . وبالجملة، فالإسناد ضعيف مظلوم . وبهذا المنافي فلم يتكلم عليه بشيء .  
هذا في " الفيض "، وأما في " التيسير " فجزم بأنه ضعيف

বাংলা

১৭৩৭। তুমি যখন লিখবে তখন বিসমিল্লাহির রহমানির রহীমের মধ্যের সীনকে স্পষ্ট করে লিখ।

হাদীসটি দুর্বল।

হাদিসটিকে আবুল গানায়েম দাজাজী "হাদীসু ইবনু শাহ" গ্রন্থে (২/১২৯) ফাযল ইবনু সাহল যির রিয়াসাতাইন হতে, তিনি জাফার ইবনু ইয়াহইয়া ইবনু খালেদ বারমাকী হতে, তিনি আবু ইয়াহইয়া ইবনু খালেদ হতে, তিনি আবু খালেদ ইবনু বারমাক হতে, তিনি আবুল হামীদ ইবনু ইয়াহইয়া কাতেবু বানী উমাইয়্যাহ হতে, তিনি সালেম ইবনু হিশাম হতে, তিনি আবুল মালেক ইবনু মারওয়ান হতে, তিনি যায়েদ ইবনু সাবেত (রাঃ) হতে মারফু হিসেবে বর্ণনা করেছেন।

এ সূত্রেই হাদিসটিকে কায়রুনী "আলমুসালসালাত" গ্রন্থে (২/১২০), অনুরূপভাবে খাতীব বাগদাদী "আততারীখ" গ্রন্থে (১২/৩৪০), দাইলামী (১/১/১৪৬), ইবনু আসাকির (৯/৮০৪/১) বর্ণনা করেছেন এবং (ইবনু আসাকির) এ আবুল হামীদের জীবনীতে উল্লেখ করেছেন আর খাতীব বাগদাদী হাদিসটিকে যির রিয়াসাতাইনের জীবনীতে উল্লেখ করে তারা দুজন তাদের দুজন সম্পর্কে ভাল-মন্দ কিছুই বলেননি।

আর জাফার ইবনু ইয়াহইয়া ইবনু খালেদ বারমাকী এবং অষীর ইবনু অষীর, তারা দুজন হারণ্নুর রাশীদের মন্ত্রী সভার প্রসিদ্ধ সদস্য হওয়া সত্ত্বেও তাদের দুজনকে বর্ণনার ক্ষেত্রে চেনা যায় না।

মোটকথাঃ হাদিসটির সনদ অন্ধকারাচ্ছন্ন।

মানবী "আলফাইয়" গ্রন্থে সাদা স্থান ছেড়ে দিয়ে হাদিসটির ব্যাপারে কোন কিছুই বলেননি। আর "আততাইসীর" গ্রন্থে দৃঢ়তার সাথে হাদিসটিকে দুর্বল আখ্যা দিয়েছেন।

হাদিসের মান: যদ্দেশ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=72620>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন